R-7342

# ডিড অফ পার্টিশান

## বা

# আপোষ বন্টন নামা

প্রথম পক্ষঃ-

**শ্রী ভূপেন্দ্র নাথ নিয়োগী**

দ্বিতীয় পক্ষঃ-

**শ্রী নিরাপদ নিয়োগী**

তৃতীয় পক্ষঃ-

**শ্রী ধ্রুবপদ নিয়োগী**

চতুর্থ পক্ষঃ-

**শ্রীমতী নিহার বালা বিশ্বাস**

পঞ্চম পক্ষঃ-

**শ্রী সুকান্ত নিয়োগী দিগর**

S. No 16922

Sold to Bhupendra Nath Neyogi

of 2 Kumar ... Rd.

...

...

Calcutta Collectorate,

Treasury

Date 3 - 8 - 2001

Treasures:

1) Nirapada Neyogi
2) Bhupendra Nath Neyogi
3) Dhrubapada Neyogi
S/o Lt Dhirendra Nath Neyogi
4) Nihar Bala Biswas
W/o Lt Milan Biswas
5) Sukanto Neyogi S/o Lt
Bishnupada Neyogi
6) Sudharani Neyogi W/o
Lt Bishnupada Neyogi
7) Rina Ghosh W/o Pashupati
8) Lina Ghosh W/o Mohan Ghosh.
Ghosh
9) Krishna Biswas W/o Chandra
Kanta Biswas.
10) Swapna Ghosh W/o Baran Ghosh
Kumarpara Rd - 2 no
Hindu + Retd + H wife

Presented for registration between 2/50 on the 14th day of Sept 2001 at the Sonarpore Addl. Dist. Sub-Registry Office by Nirapada Neyogi

Endorsement / Execution

...

14 SEP 2001

9780

9781

9782

S. ... Tapan Kr. Ghosh

S/o-W/o Lt. Kalipada Ghosh

of ... Harinavi

Thana - Sonarpore,

Dist. - South 24 Parganas, (S)

by Caste Hindu / Muslim

by Profession Business / Service Clerk

14 SEP 2001




0JCC 635869

-ঃ( ২ )ঃ-

**প্রথম পক্ষঃ-** শ্রী ভূপেন্দ্র নাথ নিয়োগী, পিতা- মৃত ধীরেন্দ্র নাথ নিয়োগী, জাতি- হিন্দু, পেশা- অবসরপ্রাপ্ত, সাং- ২ নং কুমোর পাড়া রোড (গাজীপুর), পোঃ- রাজপুর, থানা- সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা।

*********************************************

**দ্বিতীয় পক্ষঃ-** শ্রী নিরাপদ নিয়োগী, পিতা- মৃত ধীরেন্দ্র নাথ নিয়োগী, জাতি- হিন্দু, পেশা- অবসরপ্রাপ্ত, সাং- ২ নং কুমোর পাড়া রোড (গাজীপুর), পোঃ- রাজপুর, থানা- সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা।

*********************************************

Sl. No. 16922

Sold to Bhupendra Nath Bose

of 2 Kumar Para Rd

Sonarpur P.S. Sonarpur

Calcutta Collectorate,
Treasury

Date 3.9.2007

Treasurer

600w
15m
20w

৩০০০

9783

নিহারবালা বিশ্বাস

9784

14 SEP 2007

সুখেন্দু নিয়োগী

9785

কৃষ্ণা বিশ্বাস

9786

সুধারানী নিয়োগী

भारतीय गैर न्यायिक

Rs 20000 रु    Rs 20000 रु

बीस हज़ार रुपये

RUPEES

20000

रुपये

Rs 20000 रु    INDIA NON JUDICIAL    Rs 20000 रु

0JCC 635861

-ঃ ( ৩ ) ঃ-

**তৃতীয় পক্ষঃ-** শ্রী ধ্রুবপদ নিয়োগী, পিতা- মৃত ধীরেন্দ্র নাথ নিয়োগী, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা, সাং- ২ নং কুমোর পাড়া রোড (গাজীপুর), পোঃ- রাজপুর, থানা- সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা।

******************************************

**চতুর্থ পক্ষঃ-** শ্রীমতী নিহার বালা বিশ্বাস, স্বামী- মৃত মিলন বিশ্বাস, জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী, সাং- ২ নং কুমোর পাড়া রোড (গাজীপুর), পোঃ- রাজপুর, থানা- সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা।

******************************************




01BB 267059

-ঃ ( ৪ ) ঃ-

পঞ্চম পক্ষঃ- ১) শ্রী সুকান্ত নিয়োগী, পিতা- মৃত বিষ্ণুপদ নিয়োগী,

২) শ্রীমতী সুধারানী নিয়োগী, স্বামী- মৃত বিষ্ণুপদ নিয়োগী,

৩) শ্রীমতী রীনা ঘোষ, স্বামী- শ্রী পশুপতি ঘোষ,

৪) শ্রীমতী লীনা ঘোষ, স্বামী- শ্রী মোহন ঘোষ,

৫) শ্রীমতী কৃষ্ণা বিশ্বাস, স্বামী- শ্রী চন্দ্রকান্ত বিশ্বাস,

৬) শ্রীমতী স্বপ্না ঘোষ, স্বামী- শ্রী বরুণ ঘোষ, সর্ব্ব জাতি- হিন্দু, পেশা- ব্যবসা ও গৃহস্থালী, সর্ব্ব সাং- ২ নং কুমোর পাড়া রোড (গাজীপুর), পোঃ- রাজপুর, থানা- সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা।

*******************************************

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES



কস্য আপোষ চিহ্নিত বাঁটোয়ারা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা- দক্ষিণ ২৪ পরগণা, এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাবরেজিষ্ট্রী অফিস ও থানা- সোনারপুর, পরগণা- মেদনমল্ল, রাজপুর-সোনারপুর পৌরসভার অন্তর্গত- ১৬ নং ওয়ার্ড ভুক্ত, কুমোর পাড়া রোড, হোল্ডিং নং ২, মৌজা- বৈকুণ্ঠপুর গ্রামে অবস্থিত নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত ৩১৯ নং দাগে বাগান ৬৩ শতক জমি জমা পক্ষ গণের পূর্ব্বাধিকারী স্বর্গীয় ধীরেন্দ্র নাথ নিয়োগী মহাশয় নিজ অর্থের দ্বারা গত ইং- ১২/৮/৩৫ তারিখে আলিপুর ডিষ্ট্রীক্ট সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং- ১, ভল্যুম নং- ৭৭, পাতা নং- ২৬ হইতে ২৮,

1000Rs.




-:(৬):-

বিইং নং- ৩৩৭২, ইং ১৯৩৫ সালে বিক্রয় কোবালার দ্বারা খরিদ করিয়া ভোগ দখলিকার থাকা কালে রিভিসন্যাল জরিপ হয়। উক্ত রিভিসন্যাল জরিপে ১৭০ নং খতিয়ানে ৩১৯ নং দাগে বাগান ৬৩ শতক জমি জমা উক্ত ধীরেন্দ্র নাথ নিয়োগী মহাশয়ের নামে ষোল আনা অংশ শুদ্ধভাবে রেকর্ড করিয়া মালিক সরকারে ধার্য্যকৃত খাজনা আদায় দিয়া নিব্যূঢ় স্বত্বে খাসে ভোগ দখলিকার থাকেন। নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত ৩২০ নং দাগে বাস্তু ৫০ শতক জমি জমা উক্ত ধীরেন্দ্র নাথ নিয়োগী এবং তাঁহার জ্যেষ্ঠভ্রাতা নরেন্দ্র নাথ নিয়োগী মহাশয়দ্বয় পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া সম অংশে এজমালে খাসে ভোগ দখলিকার থাকা

কালে উক্ত নরেন্দ্র নাথ নিয়োগী মহাশয় পরলোক গমন করিলে তাঁহার পরিত্যাক্ত অংশের সম্পত্তি আদি ছয় পুত্র যথাক্রমে কৃষ্ণধন নিয়োগী, হরিসাধন নিয়োগী, হরিধন নিয়োগী, হারাধন নিয়োগী, রবীন্দ্র নাথ নিয়োগী ও শশীভূষণ নিয়োগী পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া উক্ত ধীরেন্দ্র নাথ নিয়োগী মহাশয়ের সহিত এজমালে খাসে ভোগ দখলিকার থাকা কালে রিভিসন্যাল জরিপ হয়। উক্ত রিভিসন্যাল জরিপে ১৮৬ নং খতিয়ানে ৩২০ নং দাগে বাস্তু ৫০ শতক জমির মধ্যে উক্ত কৃষ্ণধন নিয়োগী মহাশয় দিগরের নামে আট আনা অংশ এবং উক্ত ধীরেন্দ্র নাথ নিয়োগী মহাশয়ের নামে আট আনা অংশ শুদ্ধ ভাবে রেকর্ড করিয়া মালিক সরকারে ধার্য্যকৃত খাজনা আদায় দিয়া উপরিলিখিত অংশানুসারে এজমালে খাসে ভোগ দখলিকার থাকা অবস্থায় এজমাল দখলের অসুবিধা হইলে এবং পরস্পর দখলের সুবিধার জন্য উক্ত ধীরেন্দ্রনাথ নিয়োগী মহাশয় উক্ত দাগের আট আনা শরিক উক্ত কৃষ্ণধন নিয়োগী মহাশয় দিগরের সহিত এক মত হইয়া মৌখিক বিভাগ বন্টন করিয়া উক্ত বিভাগ মতে উক্ত দাগে বাস্তু ৫০ শতক জমির মধ্যে উত্তরাংশে ২৫ শতক জমি জমা মায় পাকা ইমারতাদি সহ উক্ত কৃষ্ণধন নিয়োগী মহাশয় দিগর চিহ্নিতরূপে প্রাপ্ত হইয়া খাসে ভোগ দখলিকার আছেন। উক্ত দাগে দক্ষিণাংশে ২৫ শতক বাস্তু জমি জমা মায় পাকা ইমারতাদি সহ উক্ত ধীরেন্দ্র নাথ নিয়োগী মহাশয় একক চিহ্নিতরূপে প্রাপ্ত হইয়া অন্যের বিনা সংশ্রবে নির্ব্বিবাদে খাসে ভোগ দখলিকার থাকেন।

উক্ত প্রকারে অত্র দলিলের পক্ষগণের পূর্ব্বাধিকারী উক্ত ধীরেন্দ্রনাথ নিয়োগী মহাশয় নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত ৩১৯ নং দাগে বাগান ৬৩ শতক এবং ৩২০ নং দাগে বাস্তু ২৫ শতক মোট ৮৮ শতক জমি জমা খরিদ সূত্রে এবং পৈত্রিক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া নিব্যূঢ়

স্বত্বে এজমালে খাসে ভোগ দখলিকার থাকা কালে উক্ত ধীরেন্দ্র নাথ নিয়োগী মহাশয় পরলোক গমন করিলে তাঁহার পরিত্যাক্ত সম্পত্তি আদি দলিলের প্রথম পক্ষ ভূপেন্দ্রনাথ নিয়োগী, দ্বিতীয় পক্ষ নিরাপদ নিয়োগী, তৃতীয় পক্ষ ধ্রুবপদ নিয়োগী, পঞ্চম পক্ষ গণের পূর্ব্বাধিকারী বিষ্ণুপদ নিয়োগী ও গোপাল চন্দ্র নিয়োগী পাঁচ পুত্র ও এক কন্যা চতুর্থ পক্ষ শ্রীমতী নিহার বালা বিশ্বাস পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া সম অংশে এজমালে খাসে ভোগ দখলিকার থাকা কালে উক্ত বিষ্ণুপদ নিয়োগী মহাশয় মৃত হইলে তাঁহার পরিত্যাক্ত অংশের সম্পত্তি আদি অত্র দলিলের পঞ্চম পক্ষ শ্রী সুকান্ত নিয়োগী পুত্র বিধায়, একমাত্র পত্নী শ্রীমতী সুধারানী নিয়োগী এবং চার কন্যা যথাক্রমে শ্রীমতী রীনা ঘোষ, শ্রীমতী লীনা ঘোষ, শ্রীমতী কৃষ্ণা বিশ্বাস ও শ্রীমতী স্বপ্না ঘোষ ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ পক্ষ ও গোপাল চন্দ্র নিয়োগীর সহিত এজমালে খাসে ভোগ দখলিকার থাকা কালে উক্ত গোপাল চন্দ্র নিয়োগী মহাশয় বিগত ইং ৮/১/৯৬ তারিখে অবিবাহিত অবস্থায় মৃত হইতে তাঁহার পরিত্যাক্ত অংশের সম্পত্তি আদি অত্র দলিলের প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম পক্ষগণ ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া এজমালে খাসে ভোগ দখলিকার আছি।

উক্ত প্রকারে নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত সম্পত্তি আদিতে প্রথম পক্ষের ১/৫ অংশ, দ্বিতীয় পক্ষের ১/৫ অংশ, তৃতীয় পক্ষের ১/৫ অংশ, চতুর্থ পক্ষের ১/৫ অংশ এবং পঞ্চম পক্ষগণের প্রত্যেকের ১/৩০ অংশ হইতেছে। নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত সম্পত্তিতে পৌরসভা হইতে পক্ষগণের নামে নাম পত্তন করিয়া নিরুপীত ট্যাক্স আদায় দিয়া আসিতেছি। উক্ত সম্পত্তি আদি রাজপুর-সোনারপুর পৌরসভার অন্তর্গত ১৬ নং ওয়ার্ডভুক্ত, কুমোর পাড়া রোডে ২ নং হোল্ডিং পক্ষগণের নাম বরাবর হইয়াছে।

নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত ৩১৯ নং দাগে বাগান ৬৩ শতক এবং ৩২০ নং দাগে বাস্তু ২৫ শতক মোট ৮৮ শতক জমি জমা মায় বহু পুরাতন পাকা ইমারতাদি সহ সকল পক্ষের এজমালী সম্পত্তি হইতেছে। উক্ত সম্পত্তি আদিতে সকল পক্ষের এজমাল দখলের অসুবিধা হইলে পক্ষগণের দখলের সুবিধার জন্য উক্ত ৮৮ শতক জমিতে আমিন দ্বারা 'এ', 'বি', 'সি', 'ডি', 'ই', ও 'জি' মার্কা ব্লকে বিভাগ করিয়া 'এফ' মার্কা ব্লকের জমিতে ১০ দশ ফুট প্রশস্থ ও ৮ আট ফুট প্রশস্থ এবং ৪ চার ফুট প্রশস্থ কমন প্যাসেজ ও কমনপ্লেস রাখিয়া এক খানি সরিকানী বিভাজন নকসা প্রস্তুত করিয়া উক্ত বিভাজন নকসা সকল পক্ষ মানিয়া লইয়া সহি সম্পাদন করিয়া রাজপুর-সোনারপুর পৌরসভার ১৯৭৯এর পশ্চিমবঙ্গ নগর এবং শহর পরিকল্পনা ও উন্নয়ন আইনের ৪৬ ধারামতে উন্নয়নের জন্য অনুমতি লাভের জন্য গত ইং-১৭|৫|২০০১তারিখে আবেদন পত্র দাখিল করি। উক্ত আবেদন পত্র পৌরসভার পৌরপতি মহাশয় গত ইং-২৪|৭|২০০১তারিখে উক্ত সরিকানী বিভাজন নকসা সহ অনুমতি প্রদান করেন। যাহার অনুমতি নম্বর – ৪২ – হইতেছে।

নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত এজমালী সম্পত্তি নিম্ন 'খ', 'গ', 'ঘ', 'ঙ', 'চ' তপশীলে বিভাগ বন্ট হইল।

নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত নিম্ন 'খ' তপশীলে বর্ণিত ১৭০ নং খতিয়ানে ৩১৯ নং দাগে বাগান হালে বাস্তু জমির মধ্যে ১ এক কাঠা ৪ চার ছটাক এবং ১৮৬ নং খতিয়ানে ৩২০ নং দাগে বাস্তু জমির মধ্যে ৫ পাঁচ কাঠা ১৩ তের ছটাক, মোট দুইটি খতিয়ানে দুইটি দাগের মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'সি' মার্কা ব্লকে সবুজ রং দ্বারা পরিবেষ্টিত

৭ সাত কাঠা ১ এক ছটাক জমি জমা মায় ২০০০ দুই হাজার বর্গফুট দ্বিতল পাকা ইমারতাদি সহ প্রথম পক্ষ শ্রী ভূপেন্দ্রনাথ নিয়োগীর অংশে নির্দ্দিষ্ট হইল।

নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত নিম্ন 'গ' তপশীলে বর্ণিত ১৭০ নং খতিয়ানে ৩১৯ নং দাগে বাগান হালে বাস্তু জমির মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'বি' মার্কা ব্লকে নীল রং দ্বারা পরিবেষ্টিত ৭ সাত কাঠা ২ দুই ছটাক ১৮ আঠার বর্গফুট জমি জমা মায় ২০০০ দুই হাজার বর্গফুট দ্বিতল পাকা ইমারতাদি মায় ১২০০ বার শত বর্গফুট ইটের দেওয়াল এ্যাজবেসটার ছাউনীর গৃহাদী সহ দ্বিতীয় পক্ষ শ্রী নিরাপদ নিয়োগীর অংশে নির্দ্দিষ্ট হইল।

নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত নিম্ন 'ঘ' তপশীলে বর্ণিত ১৭০ নং খতিয়ানে ৩১৯ নং দাগে বাগান হালে বাস্তু জমির মধ্যে ৫ পাঁচ ছটাক ৮ আট বর্গফুট এবং ১৮৬ নং খতিয়ানে ৩২০ নং দাগে বাস্তু জমির মধ্যে ৫ পাঁচ কাঠা ২ দুই ছটাক ১০ দশ বর্গফুট, মোট দুইটি খতিয়ানে দুইটি দাগের মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'ই' মার্কা ব্লকে কমলা রং দ্বারা পরিবেষ্টিত ৫ পাঁচ কাঠা ৭ সাত ছটাক ১৮ আঠার বর্গফুট জমি জমা তৃতীয় পক্ষ শ্রী ধ্রুবপদ নিয়োগীর অংশে নির্দ্দিষ্ট হইল।

নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত নিম্ন 'ঙ' তপশীলে বর্ণিত ১৭০ নং খতিয়ানে ৩১৯ নং দাগে বাগান হালে বাস্তু জমির মধ্যে ১৫ পনের ছটাক ৯ নয় বর্গফুট এবং ১৮৬ নং খতিয়ানে ৩২০ নং দাগে বাস্তু জমির মধ্যে ৪ চার কাঠা ৮ আট ছটাক ৯ নয় বর্গফুট, মোট দুইটি খতিয়ানে দুইটি দাগের মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'ডি' মার্কা ব্লকে হরিদ্রা রং দ্বারা পরিবেষ্টিত ৫ পাঁচ কাঠা ৭ সাত ছটাক ১৮ আঠার বর্গফুট জমি জমা চতুর্থ পক্ষ শ্রীমতী নিহার বালা বিশ্বাসের অংশে নির্দ্দিষ্ট হইল।

নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত নিম্ন 'চ' তপশীলে বর্ণিত ১৭০ নং খতিয়ানে ৩১৯ নং দাগে বাগান হালে বাস্তু জমির মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'এ' মার্কা ব্লকে লাল রং দ্বারা পরিবেষ্টিত ৭ সাত কাঠা ৫ পাঁচ ছটাক জমি জমা মায় ২০০০ দুই হাজার বর্গফুট দ্বিতল পাকা ইমারতাদি সহ পঞ্চম পক্ষ গণ যথা শ্রী সুকান্ত নিয়োগী, শ্রীমতী সুধারানী নিয়োগী, শ্রীমতী রীনা ঘোষ, শ্রীমতী লীনা ঘোষ, শ্রীমতী কৃষ্ণা বিশ্বাস ও শ্রীমতী স্বপ্না ঘোষ দিগরের অংশে নির্দ্দিষ্ট হইল।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'এফ' মার্কা ব্লকে চকলেট রং দ্বারা পরিবেষ্টিত ৩ তিন কাঠা ১১ এগার ছটাক জমির উপরিস্থিত কুমোর পাড়া রোড হইতে ১০' দশ ফুট, ৮' আট ফুট ও ৪' চার ফুট প্রশস্থ কমন প্যাসেজ দেখান আছে। উক্ত কমন প্যাসেজ পক্ষগণ বা পক্ষগণের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে নিজ নিজ চিহ্নিত জমিতে যাতায়াত, ইলেকট্রিক লাইন, পানীয় জলের পাইপ লাইন, টেলিফোন লাইন, ড্রেন ও যাতায়াত যোগ্য যান চলাচল দ্বারা রাইট অফ ইজমেন্ট স্বত্বে ব্যবহার করিব।

প্রকাশ থাকে যে, অত্র দলিলের সঙ্গীয় নকসায় চকলেট রং দ্বারা পরিবেষ্টিত যে কমন স্পেস দেখান আছে। উক্ত কমন স্পেস সকল পক্ষ বা সকল পক্ষগণের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে উক্ত কমনস্পেসের উত্তর দিকের যে কমন প্যাসেজ আছে উক্ত কমনপ্যাসেজ দিয়া যাতায়াত করিয়া কমনস্পেসে পূজা, পার্বন এবং বিবাহ অনুষ্ঠানে ব্যবহার করিব। উক্ত কমনস্পেস সর্ব্বদা উন্মুক্ত থাকিবে কেহ কখনও অবরোধ বা দখল করিতে পারিব না।

নিম্ন 'ক' তপশীলের অন্তর্গত নিম্ন 'খ' তপশীলে বর্ণিত অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'সি' মার্কা ব্লকে ৭ সাত কাঠা ১ এক ছটাক জমি জমা মায় দ্বিতল পাকা ইমারতাদি প্রথম পক্ষ শ্রী ভূপেন্দ্র নাথ নিয়োগী অদ্যকার তারিখ হইতে যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলীকার হইয়া মালিক সরকারে ও পৌরসভায় প্রথম পক্ষের নামে নাম পত্তন করিয়া নিরূপিত খাজনা ও ট্যাক্স আদায় দিয়ো যদৃচ্ছা ক্রমে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে দান, বিক্রয়, বন্ধক ও সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তরাদির দ্বারা নিব্যূঢ় স্বত্বে পরম সুখে ভোগ দখল করিতে থাকহ। তাহাতে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম পক্ষর বা দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম পক্ষ গণের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণের কোন প্রকার ওজরাপত্য, দাবী দাওয়া থাকিল না বা থাকিবেক না। যদি কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া করে বা করি তাহা সর্ব্বাদালতে অগ্রাহ্য ও না-মঞ্জুর হইবেক।

নিম্ন 'খ' তপশীলে বর্ণিত সম্পত্তি আদিতে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম পক্ষের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল অধিকার আছে তাহা অদ্য হইতে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম পক্ষের রদ ও রহিত হইয়া সম্পূর্ণ রূপে প্রথম পক্ষতে বর্ত্তাইল।

নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত নিম্ন 'গ' তপশীলে বর্ণিত অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'বি' মার্কা ব্লকে ৭ কাঠা ২ ছটাক ১৮ বর্গফুট জমি জমা মায় দ্বিতল পাকা ইমারতাদি মায় ইটের দেওয়াল এ্যাজবেসটার ছাউনীর গৃহাদী সহ দ্বিতীয় পক্ষ শ্রী নিরাপদ নিয়োগী অদ্যকার তারিখ হইতে যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলীকার হইয়া মালিক সরকারে ও পৌরসভায় দ্বিতীয় পক্ষের নামে নাম পত্তন করিয়া নিরুপীত খাজনা ও ট্যাক্স আদায় দিয়া

যদৃচ্ছা ক্রমে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে দান, বিক্রয়, বন্ধক ও সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তরাদির দ্বারা নিব্যূঢ় স্বত্বে পরম সুখে ভোগদখল করিতে থাকহ। তাহাতে প্রথম, তৃতীয়, চতুর্থ, পঞ্চম পক্ষ বা প্রথম, তৃতীয়, চতুর্থ, পঞ্চম পক্ষগণের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণের কোন প্রকার ওজরাপত্য, দাবী, দাওয়া থাকিল না বা থাকিবেক না। যদি কেহ কখনও কোন প্রকার দাবী, দাওয়া করে বা করি তাহা সর্ব্বাদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক।

নিম্ন 'গ' তপশীলে বর্ণিত সম্পত্তি আদিতে প্রথম, তৃতীয়, চতুর্থ, পঞ্চম পক্ষের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল অধিকার আছে তাহা অদ্য হইতেপ্রথম, তৃতীয়, চতুর্থ, পঞ্চম পক্ষের রদ ও রহিত হইয়া সম্পূর্ণ রূপে দ্বিতীয় পক্ষতে বর্ত্তাইল।

নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত নিম্ন 'ঘ' তপশীলে বর্ণিত অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'ই' মার্কা ব্লকে ৫ কাঠা ৭ ছটাক ১৮ বর্গফুট জমি জমা তৃতীয় পক্ষ শ্রী ধ্রুবপদ নিয়োগী অদ্যকার তারিখ হইতে যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলীকার হইয়া মালিক সরকারে ও পৌরসভায় তৃতীয় পক্ষের নামে নাম পত্তন করিয়া নিরুপীত খাজনা ও ট্যাক্স আদায় দিয়া যদৃচ্ছা ক্রমে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে দান, বিক্রয়, বন্ধক ও সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তরাদির দ্বারা নিব্যূঢ় স্বত্বে পরম সুখে ভোগদখল করিতে থাকহ। তাহাতে প্রথম, দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম পক্ষ বা প্রথম, তৃতীয়, চতুর্থ, পঞ্চম পক্ষগণের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণের কোন প্রকার ওজরাপত্য, দাবী, দাওয়া থাকিল না বা থাকিবেক না। যদি কেহ কখনও কোন প্রকার দাবী, দাওয়া করে বা করি তাহা সর্ব্বাদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক।

নিম্ন 'ঘ' তপশীলে বর্ণিত সম্পত্তি আদিতে প্রথম, দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম পক্ষের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল অধিকার আছে তাহা অদ্য হইতেপ্রথম, দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম পক্ষের রদ ও রহিত হইয়া সম্পূর্ণ রূপে তৃতীয় পক্ষতে বর্ত্তাইল।

নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত নিম্ন 'ঙ' তপশীলে বর্ণিত অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'ডি' মার্কা ব্লকে ৫ কাঠা ৭ ছটাক ১৮ বর্গফুট জমি জমা চতুর্থ পক্ষ শ্রীমতী নিহার বালা বিশ্বাস অদ্যকার তারিখ হইতে যাবতীয় স্বত্বে স্বত্ববাতী ও দখলে কায়েম দখলকারিনী হইয়া মালিক সরকারে ও পৌরসভায় চতুর্থ পক্ষের নামে নাম পত্তন করিয়া নিরুপীত খাজনা ও ট্যাক্স আদায় দিয়া যদৃচ্ছা ক্রমে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে দান, বিক্রয়, বন্ধক ও সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তরাদির দ্বারা নিব্যুঢ় স্বত্বে পরম সুখে ভোগদখল করিতে থাকহ। তাহাতে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম পক্ষ বা প্রথম, দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম পক্ষগণের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণের কোন প্রকার ওজরাপত্য, দাবী, দাওয়া থাকিল না বা থাকিবেক না। যদি কেহ কখনও কোন প্রকার দাবী, দাওয়া করে বা করি তাহা সর্ব্বাদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক।

নিম্ন 'ঙ' তপশীলে বর্ণিত সম্পত্তি আদিতে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম পক্ষের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল অধিকার আছে তাহা অদ্য হইতেপ্রথম, দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম পক্ষের রদ ও রহিত হইয়া সম্পূর্ণ রূপে চতুর্থ পক্ষতে বর্ত্তাইল।

নিম্ন 'ক' তপশীলে প্রকাশিত নিম্ন 'চ' তপশীলে বর্ণিত অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'এ' মার্কা ব্লকে ৭ কাঠা ৫ ছটাক জমি জমা মায় দ্বিতল পাকা ইমারতাদি সহ পঞ্চম পক্ষ

শ্রী সুকান্ত নিয়োগী দিগর অদ্যকার তারিখ হইতে যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলীকার হইয়া মালিক সরকারে ও পৌরসভায় পঞ্চম পক্ষগণের নাম বরাবর নাম পত্তন করিয়া নিরুপীত খাজনা ও ট্যাক্স আদায় দিয়া যদৃচ্ছা ক্রমে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে দান, বিক্রয়, বন্ধক ও সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তরাদির দ্বারা নিব্যুঢ় স্বত্বে পরম সুখে ভোগদখল করিতে থাকহ। তাহাতে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পক্ষ বা প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ পক্ষ গণের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণের কোন প্রকার ওজরাপত্য, দাবী, দাওয়া থাকিল না বা থাকিবেক না। যদি কেহ কখনও কোন প্রকার দাবী, দাওয়া করে বা করি তাহা সর্ব্বাদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক।

নিম্ন 'চ' তপশীলে বর্ণিত সম্পত্তি আদিতে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ পক্ষের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল অধিকার আছে তাহা অদ্য হইতে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ পক্ষের রদ ও রহিত হইয়া সম্পূর্ণ রূপে পঞ্চম পক্ষতে বর্ত্তাইল।

আর প্রকাশ থাকে যে, অত্র দলিলের সঙ্গীয় নকসায় চকলটে রং দ্বারা পরিবেষ্ঠিত যে কমন প্যাসেজ ও কমন স্পেস দেখান আছে। উক্ত কমন প্যাসেজ ও কমন স্পেসের উন্নতির জন্য যাহা খরচ হইবে তাহা সকল পক্ষগণ সম অংশে বহন করিব। উক্ত কমন প্যাসেজ ও কমন স্পেস কেহ অবরোধ করিতে পারিব না বা রাইট অফ্ ইজমেন্ট স্বত্ব ব্যবহারে বাধা দান করিব না। কমন প্যাসেজের উপর কোন বৃক্ষাদি রোপন করিতে পারিব না। উক্ত কমন প্যাসেজ ও কমন স্পেসের দায় দায়িত্ব, পরিস্কার, পরিচ্ছন্ন সকল পক্ষ বা সকল পক্ষের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ করিতে বাধ্য থাকিব বা থাকিলাম।

প্রকাশ থাকে যে, পক্ষগণ নিজ, নিজ চিহ্নিত সম্পত্তি বুঝিয়া পাইলাম। যদি ভবিষ্যতে বন্টনকৃত সম্পত্তি কোন পক্ষের বিক্রয় করিবার প্রয়োজন হয় তাহা হইলে পক্ষগণকে প্রথমে নোটিশ মারফৎ জানাইতে হইবে।

আরও প্রকাশ থাকে যে, অত্র বাঁটোয়ারা দলিল খানি প্রথম পক্ষ শ্রী ভূপেন্দ্র নাথ নিয়োগী মহাশয়ের হেপাজতে থাকিল। যদি ভবিষ্যতে উক্ত বাঁটোয়ারা দলিলখানি কোন পক্ষের দেখিবার বা কোন অফিস আদালতে দাখিল করিবার প্রয়োজন হয় তাহা প্রথম পক্ষ অত্র বাঁটোয়ারা দলিল খানি দর্শাইতে বা অফিস আদালতের তলব মত দাখিল করিতে প্রথম পক্ষ বা প্রথম পক্ষের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে সর্ব্বদা বাধ্য থাকিলাম।

নিম্ন 'ক' তপশীলে বর্ণিত মোট সম্পত্তির মূল্য - ৪৮,০৮,৬০০ আট চল্লিশ লক্ষ আট হাজার ছয় শত টাকা। তন্মধ্যে —

| | |
|---|---|
| নিম্ন 'খ' তপশীল বর্ণিত সম্পত্তির মূল্য— | ১২,৫৮,৯০০ বার লক্ষ আটান্ন হাজার নয় শত টাকা। |
| নিম্ন 'গ' তপশীল বর্ণিত সম্পত্তির মূল্য— | ১৫,৬৪,৭৫০ পনের লক্ষ চৌষট্টি হাজার সাত শত পঞ্চাশ টাকা। |
| নিম্ন 'ঘ' তপশীল বর্ণিত সম্পত্তির মূল্য— | ৩,৫৪,৯০০ তিন লক্ষ চুয়ান্ন হাজার নয় শত টাকা। |
| নিম্ন 'ঙ' তপশীল বর্ণিত সম্পত্তির মূল্য— | ৩,৫৪,৯০০ তিন লক্ষ চুয়ান্ন হাজার নয় শত টাকা। |
| নিম্ন 'চ' তপশীল বর্ণিত সম্পত্তির মূল্য— | ১২,৭৫,১৫০ বার লক্ষ পঁচাত্তর হাজার এক শত পঞ্চাশ টাকা। |

পক্ষগণ পরস্পর অংশানুযায়ী ৯,৬১,৭২০ নয় লক্ষ একষট্টি হাজার সাত শত কুড়ি টাকা মূল্যের সম্পত্তি প্রাপ্ত না হওয়ায় প্রথম, দ্বিতীয় ও পঞ্চম পক্ষ ত্রয়ের নিকট

হইতে তৃতীয় পক্ষ ৬,০৬,৮২০ ় ছয় লক্ষ ছয় হাজার আট শত কুড়ি টাকা এবং চতুর্থ পক্ষ ৬,০৬,৮২০ ় ছয় লক্ষ ছয় হাজার আট শত কুড়ি টাকা কমপেনসেসান বাবদ পাইলাম।

অত্র নকসা অত্র দলিলের একাংশ গণ্য হইল।

এতদর্থে সুস্থ শরীরে স্বচ্ছন্দ মনে অন্যের বিনানুরোধে স্বজ্ঞানে স্বেচ্ছায় উপরিলিখিত শর্তে আমরা সকল পক্ষগণের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে বাধ্য থাকিয়া অত্র আপোষ চিহ্নিত বাঁটোয়ারা দলিলে সহি সম্পাদন করিলাম। ইতি তারিখ — বাংলা ১৪০৮ সনের ২৮শে ভাদ্র, ইংরাজী ২০০১ সালের ১৪ই সেপ্টেম্বর,

## -ঃ 'ক' তপশীল এজমালী সম্পত্তির পরিচয় ঃ-

********************************************************

১) জেলা- দক্ষিণ ২৪ পরগণা, এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাবরেজিষ্ট্রী অফিস ও থানা- সোনারপুর, পরগণা- মেদনমল্ল, রাজপুর-সোনারপুর পৌরসভার অন্তর্গত, ১৬ নং ওয়ার্ডভুক্ত কুমোর পাড়া রোড, হোল্ডিং নং- ২, মৌজা- বৈকুন্ঠপুর গ্রামে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বে রিভিসন্যাল জরিপে ১৭০ এক শত সত্তর নং খতিয়ান ভুক্ত ৬৩ শতক জমির বার্ষিক খাজনা ৩৪০ পয়সা জমা মালিক ২৪ পরগণার কালেকটার আলিপুর। জেঃ এলঃ নং- ৩৭, রেঃ সাঃ নং- ১১০, তৌজি নং- রিভিসন্যাল জরিপে ৩১৯ তিন শত উনিশ নং দাগে বাগান ৬৩ তেষট্টি শতক জমির মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'জি' মার্কা ব্লকে ভায়লেট রং দ্বারা পরিবেষ্টিত ১৬ ষোল কাঠা ১১ এগার ছটাক ২৭ বর্গফুট বা ২৭.৬১ সাতাশ দশমিক একষট্টি শতক জমি জমা বাদে বক্রী ৩৫.৩৯ পঁয়ত্রিশ দশমিক উনচল্লিশ শতক জমি জমা।

২) থানা, মৌজা, স্বত্ব, মালিক, তৌজি ঐ- রিভিসন্যাল জরিপে ১৮৬ এক শত ছিয়াশি নং খতিয়ান ভুক্ত ৭৩ শতক জমির বার্ষিক খাজনা ৩৪০ পয়সা জমার মধ্যে ২৫ শতক জমির বার্ষিক হারাহারি খাজনা ১২০ পয়সা জমা।

রিভিসন্যাল জরিপে ৩২০.নং তিন শত কুড়ি নং দাগে বাস্তু ৫০ পঞ্চাশ শতক জমির মধ্যে দক্ষিণাংশে ২৫ পঁচিশ শতক জমি জমা।

---

মোট দুইটি খতিয়ানে দুইটি দাগের মধ্যে ৬০.৩৯ ষাট দশমিক উনচল্লিশ শতক জমি জমা মায় দ্বিতল পাকা ইমারতাদি মায় ইটের দেওয়াল এ্যাজবেসটার ছাউনীর গৃহাদী যাহা অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'এ' মার্কা ব্লকে লাল রং দ্বারা পরিবেষ্টিত ৭ সাত কাঠা ৫ পাঁচ ছটাক জমি জমা মায় ২০০০ দুই হাজার বর্গফুট দ্বিতল পাকা ইমারতাদি। 'বি' মার্কা ব্লকে নীল রং দ্বারা পরিবেষ্টিত ৭ সাত কাঠা ২ দুই ছটাক ১৮ আঠার বর্গফুট জমি জমা মায় ২০০০ দুই হাজার বর্গফুট দ্বিতল পাকা ইমারতাদি মায় ১২০০ বার শত বর্গফুট ইটের দেওয়াল এ্যাজবেসটার ছাউনীর গৃহাদী। 'সি' মার্কা ব্লকে সবুজ রং দ্বারা পরিবেষ্টিত ৭ সাত কাঠা ১ এক ছটাক জমি জমা মায় ২০০০ দুই হাজার বর্গফুট দ্বিতল পাকা ইমারতাদি। 'ডি' মার্কা ব্লকে হরিদ্রা রং দ্বারা পরিবেষ্টিত ৫ পাঁচ কাঠা ৭ সাত ছটাক ১৮ আটার বর্গফুট জমি। 'ই' মার্কা ব্লকে কমলা রং দ্বারা পরিবেষ্টিত ৫ পাঁচ কাঠা ৭ সাত ছটাক ১৮ আঠার বর্গফুট জমি। 'এফ' মার্কা ব্লকে চকলেট রং দ্বারা পরিবেষ্টিত ৩ তিন কাঠা ১১ এগার ছটাক জমি। মোট মূল্য- ৪৮০৮,৬০০ আট চল্লিশ লক্ষ আট হাজার ছয় শত টাকা।

## -ঃ 'খ' তপশীল সম্পত্তি যাহা প্রথম পক্ষ শ্রী ভূপেন্দ্র নাথ নিয়োগীর অংশে নির্দ্দিষ্ট হইল তাহার পরিচয় ঃ-

১) 'ক' তপশীলের অন্তর্গত রিভিসন্যাল জরিপে ১৭০ এক শত সত্তর নং খতিয়ানে ৩১৯ তিন শত উনিশ নং দাগে বাগান হালে বাস্তু জমির মধ্যে ১ এক কাঠা ৪ চার ছটাক জমি। ইহার বার্ষিক হারাহারি খাজনা ০৮ পয়সা জমা।

২) 'ক' তপশীলের অন্তর্গত রিভিসন্যাল জরিপে ১৮৬ এক শত ছিয়াশি নং খতিয়ানের ৩২০ তিন শত কুড়ি নং দাগে বাস্তু জমির মধ্যে ৫ পাঁচ কাঠা ১৩ তের ছটাক জমি। ইহার বার্ষিক হারাহারি খাজনা- ৪৫ পয়সা জমা।

---

মোট দুইটি খতিয়ানে দুইটি দাগের মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'সি' মার্কা ব্লকে সবুজ রং দ্বারা পরিবেষ্টিত ৭ সাত কাঠা ১ এক ছটাক জমি জমা মায় নীচের তলায় ১০০০ এক হাজার বর্গফুট মায় উপর তলায় ১০০০ এক হাজার বর্গফুট, মোট ২০০০ দুই হাজার বর্গফুট দ্বিতল পাকা ইমারতাদি সহ। মূল্য ১২,৫৮,৯০০্ বার লক্ষ আটান্ন হাজার নয় শত টাকা।

## -ঃ 'সি' মার্কা ব্লকের চার চৌহদ্দি ঃ-

| | | |
|---|---|---|
| উত্তর | ঃ | কৃষ্ণধন নিয়োগী দিগরের সম্পত্তি। |
| পূর্ব্ব | ঃ | 'ডি' মার্কা ব্লক। শ্রীমতী নিহার বালা বিশ্বাস। |
| দক্ষিণ | ঃ | ১০ দশ ফুট প্রশস্থ কমন প্যাসেজ। |
| পশ্চিম | ঃ | কুমোর পাড়া রোড। |

## -ঃ 'গ' তপশীল সম্পত্তি যাহা দ্বিতীয় পক্ষ শ্রী নিরাপদ নিয়োগীর অংশে নির্দ্দিষ্ট হইল তাহার পরিচয় ঃ-

**************************************************************************************

'ক' তপশীলের অন্তর্গত রিভিসন্যাল জরিপে ১৭০ এক শত সত্তর নং খতিয়ানে ৩১৯ তিন শত উনিশ নং দাগে বাগান হালে বাস্ত জমির মধ্যে অত্র দলিল সঙ্গীয় নকসায় 'বি' মার্কা ব্লকে নীল রং দ্বারা পরিবেষ্টিত ৭ সাত কাঠা ২ দুই ছটাক ১৮ আঠার বর্গফুট জমি জমা মায় নীচের তলায় ১০০০ এক হাজার বর্গফুট মায় উপর তলায় ১০০০ এক হাজার বর্গফুট মোট ২০০০ দুই হাজার বর্গফুট দ্বিতল পাকা ইমারতাদি মায় ১২০০ বারশত বর্গফুট ইটের দেওয়াল এ্যাজবেসটার ছাউনীর গৃহাদী সহ। ইহার বার্ষিক হারাহারি খাজনা ৬৫ পয়সা জমা। মূল্য- ১৫,৬৪,৭৫০্ পনের লক্ষ চৌষট্টি হাজার সাত শত পঞ্চাশ টাকা।

## -ঃ 'বি' মার্কা ব্লকের চার চৌহদ্দি ঃ-

**********************************************

| | | |
|---|---|---|
| উত্তর | ঃ | ১০' দশ ফুট প্রশস্থ কমন প্যাসেজ। |
| পূর্ব্ব | ঃ | 'জি' মার্কা ব্লক। এজমালি সম্পত্তি। |
| দক্ষিণ | ঃ | ৮' আট ফুট ও ৪ চার ফুট প্রশস্থ কমন প্যাসেজ।<br>'এ' মার্কা ব্লক শ্রী সুকান্ত নিয়োগী দিগরের সম্পত্তি। |
| পশ্চিম | ঃ | কুমোর পাড়া রোড। |

## -ঃ 'ঘ' তপশীল সম্পত্তি যাহা তৃতীয় পক্ষ শ্রী ধ্রুবপদ নিয়োগীর অংশে নির্দ্দিষ্ট হইল তাহার পরিচয় ঃ-

**********************************************************************************

১) 'ক' তপশীলের অন্তর্গত রিভিসন্যাল জরিপে ১৭০ এক শত সত্তর নং খতিয়ানে ৩১৯ তিন শত উনিশ নং দাগে বাগান হালে বাস্তু জমির মধ্যে ৫ পাঁচ ছটাক ৮ আট বর্গফুট জমি। ইহার বার্ষিক হারাহারি খাজনা ০৩ পয়সা জমা।

২) 'ক' তপশীলের অন্তর্গত রিভিসন্যাল জরিপে ১৮৬ এক শত ছিয়াশি নং খতিয়ানে ৩২০ তিন শত কুড়ি নং দাগে বাস্তু জমির মধ্যে ৫ পাঁচ কাঠা ২ দুই ছটাক ১০ দশ বর্গফুট জমি। ইহার বার্ষিক হারাহারি খাজনা ৪০ পয়সা জমা।

---

মোট দুইটি খতিয়ানে দুইটি দাগের মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'ই' মার্কা ব্লকে কমলা রং দ্বারা পরিবেষ্ঠিত ৫ পাঁচ কাঠা ৭ সাত ছটাক ১৮ আঠার বর্গফুট জমি। মূল্য ৩,৫৪,৯০০্ তিন লক্ষ চুয়ান্ন হাজার নয় শত টাকা।

### -ঃ 'ই' মার্কা ব্লকের চার চৌহদ্দি ঃ-

**********************************************

| | | |
|---|---|---|
| উত্তর | ঃ | কৃষ্ণধন নিয়োগী দিগরের সম্পত্তি। |
| পূর্ব্ব | ঃ | ৩৩৬ ও ৪৪৭ নং দাগের অংশ। |
| দক্ষিণ | ঃ | ১০´ দশ ফুট প্রশস্থ কমন প্যাসেজ 'জি' মার্কা ব্লকে এজমালী সম্পত্তি। |
| পশ্চিম | ঃ | 'ডি' মার্কা ব্লক শ্রীমতী নিহার বালা বিশ্বাস। |

**-ঃ 'ঙ' তপশীল সম্পত্তি যাহা চতুর্থ পক্ষ শ্রীমতী নিহার বালা বিশ্বাসের অংশে নির্দ্দিষ্ট হইল তাহার পরিচয় ঃ-**

*********************************************************************************************

১) 'ক' তপশীলের অন্তর্গত রিভিসন্যাল জরিপে ১৭০ এক শত সত্তর নং খতিয়ানে ৩১৯ তিন শত উনিশ নং দাগে বাগান হালে বাস্তু জমির মধ্যে ১৫ পনের ছটাক ৯ নয় বর্গফুট জমি। ইহার বার্ষিক হারাহারি খাজনা ০৭ পয়সা জমা।

২) 'ক' তপশীলের অন্তর্গত রিভিসন্যাল জরিপে ১৮৬ এক শত ছিয়াশি নং খতিয়ানে ৩২০ তিন শত কুড়ি নং দাগে বাস্তু জমির মধ্যে ৪ চার কাঠা ৮ আট ছটাক ৯ নয় বর্গফুট জমি। ইহার বার্ষিক হারাহারি খাজনা ৩৫ পয়সা জমা।

---

মোট দুইটি খতিয়ানে দুইটি দাগের মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'ডি' মার্কা ব্লকে হরিদ্রা রং দ্বারা পরিবেষ্টিত ৫ পাঁচ কাঠা ৭ সাত ছটাক ১৮ আঠার বর্গফুট জমি। মূল্য ৩,৫৪,৯০০৲ তিন লক্ষ চুয়ান্ন হাজার নয় শত টাকা।

**-ঃ 'ডি' মার্কা ব্লকের চার চৌহদ্দি ঃ-**

*********************************************

| | | |
|---|---|---|
| উত্তর | ঃ | কৃষ্ণধন নিয়োগী দিগরের সম্পত্তি। |
| পূর্ব্ব | ঃ | 'ই' মার্কা ব্লক শ্রী ধ্রুব পদ নিয়োগী। |
| দক্ষিণ | ঃ | ১০ দশ ফুট প্রশস্থ কমন প্যাসেজ। |
| পশ্চিম | ঃ | 'সি' মার্কা ব্লক শ্রী ভূপেন্দ্র নাথ নিয়োগী। |

## -ঃ 'চ' তপশীল সম্পত্তি যাহা পঞ্চম পক্ষ শ্রী সুকান্ত নিয়োগী, শ্রীমতী সুধারানী নিয়োগী, শ্রীমতী রীনা ঘোষ, শ্রীমতী লীনা ঘোষ, শ্রীমতী কৃষ্ণা বিশ্বাস ও শ্রীমতী স্বপ্না ঘোষ দিগরেরঅংশে নির্দ্দিষ্ট হইল তাহার পরিচয় ঃ-

*************************************************************************************

'ক' তপশীলের অন্তর্গত বিভিসন্যাল জরিপে ১৭০ এক শত সত্তর নং খতিয়ানে ৩১৯ তিন শত উনিশ নং দাগে বাগান হালে বাস্তু জমির মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'এ' মার্কা ব্লকে লাল রং দ্বারা পরিবেষ্টিত ৭ সাত কাঠা ৫ পাঁচ ছটাক জমি জমা মায় নীচের তলায় ১০০০ এক হাজার বর্গফুট মায় উপর তলায় ১০০০ এক হাজার বর্গফুট মোট ২০০০ দুই হাজার বর্গফুট দ্বিতল পাকা ইমারতাদি সহ। ইহার বার্ষিক হারাহারি খাজনা- ৬৬ পয়সা জমা। মূল্য ১২,৭৫,১৫০্ বার লক্ষ পঁচাত্তর হাজার এক শত পঞ্চাশ টাকা।

### -ঃ 'এ' মার্কা ব্লকের চার চৌহদ্দি ঃ-

*******************************************

| | | |
|---|---|---|
| উত্তর | ঃ | ৮ আট ফুট ও ৪ চার ফুট প্রশস্থ কমন প্যাসেজ ও কমন স্পেস এবং 'বি' মার্কা ব্লক শ্রী নিরাপদ নিয়োগী। |
| পূর্ব্ব | ঃ | 'জি' মার্কা ব্লক এজমালী সম্পত্তি। |
| দক্ষিণ | ঃ | ৩১২ ও ৩১৮ নং দাগের অংশ। |
| পশ্চিম | ঃ | কুমোর পাড়া রোড। |

[illegible handwritten signatures]

অত্র বাঁটোয়ারা দলিলখানি সকল পক্ষকে পাঠ করিয়া শুনাইলাম।

মুসাবিদাকারক ঃ-

[signature]

শ্রী রথীন্দ্রনাথ ঘোষ
দলিল লেখক
লাইসেন্স নং- ৩১/১৪
সোনারপুর এ্যাডিসন্যাল
ডিষ্ট্রীক্ট সাবরেজিষ্ট্রী অফিস
দক্ষিণ ২৪ পরগণা।

অক্ষর বিন্যাস ঃ-

[signature]
(শ্রী প্রদীপ বৈদ্য)
সোনারপুর রামকৃষ্ণপল্লী,
(ব্যাঙ্ক প্লট),
দক্ষিণ ২৪ পরগণা ।

ইসাদি ঃ-

১। [illegible handwritten signature]
কুমার পাড়া রোড (গাজীপুর)
২। [illegible handwritten signature]
কুমারপাড়া রোড (গাজীপুর)
৩। অজিত কুমার নিয়োগী
কুমার পাড়া রোড, গাজীপুর
৪। [illegible handwritten signature]
[illegible]
[illegible] ২৪ পরগনা (দঃ)
৫। [illegible] নিয়োগী, গাজীপুর ২৪পঃ (দঃ)
৬। [illegible] কুমার ঘোষ
৭। [illegible] নিয়োগী
কুমার রোড, গাজীপুর

Book No. 122
Volume No.
Pages 318 to 339
Being No. 73421
for the Year ... 2001.

Additional District Sub-Registrar
Garia ... South 24 Pgs.
20.9.01